গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

**'সামাজিক নিরাপত্তা বেস্টনীর, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী'**

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | : বেলা ১১.৩০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ২৩/০৪/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

**সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ**

অদ্য সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, চলতি ২০২৫-২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেস্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা প্রতিবন্ধী ভাতা বিতরণের নিমিত্ত পরিচালক সামাজিক নিরাপত্তা অধিশাখা মহোদয়ের ২৬/০২/২০২৬ খ্রি. তারিখের ২২১,২২৩ ও ২২৪ সংখ্যক পত্রে এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় হিজড়া জনগোষ্ঠীর কল্যাণ অনুদান (বিশেষভাতা) ভাতা খাতে ০২/০৩/২০২৬ খ্রি. তারিখে ৭৪ সংখ্যক পত্রে হিজড়া (বিশেষ) ভাতার ইউনিয়ন ভিত্তিক অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির ভাতা বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির বিগত সভার সিদ্ধান্ত, সমাজসেবা অধিদপ্তরের ভাতা বিতরণ নির্দেশনা, অর্থমন্ত্রণালয়ের পরিপত্র এবং ভাতা বিতরণ সংশ্লিষ্ট নীতিমালায় বর্ণিত মানদন্ড অনুসরণপূর্বক ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীদের যাচাই-বাছাই পূর্বক প্রাথমিক অগ্রাধিকার তালিকা প্রণয়নের নিমিত্ত উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৮৪ তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি. মোতাবেক ইউনিয়ন বাছাই কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে পত্রসহ সংশ্লিষ্ট ইউনিয়ন বাছাই কমিটিকে অনলাইনে আবেদনকারী ব্যক্তিদের তালিকা প্রেরণ করা হয়। ২০২৫-২৬ অর্থবছরের উপকারভোগী নির্বাচনে নীতিমালায় উল্লিখিত সকল মানদন্ড অনুসরণ সাপেক্ষে প্রাথমিক তালিকা প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন বাছাই কমিটি (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সভাপতিত্বে) কর্তৃক সভার কার্যবিবরণীসহ স্বাক্ষরিত তালিকা, প্রাথমিক সুপারিশকৃত (সংলাগ-খ অপেক্ষমাণ সংলাগ-গ) এবং অনুপযুক্ত (সংলাগ-ঘ) পাওয়া গিয়েছে। বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ও প্রতিবন্ধী ভাতার উপকারভোগী নির্বাচনে সব ইউনিয়ন চেয়ারম্যানদের অনুকূলে প্রদত্ত (অনলাইনে আবেদনকারী অপেক্ষমাণ ভাতাগ্রহণেচ্ছু) তালিকা বিধিমোতাবেক যাচাই-বাছাই পূর্বক অগ্রাধিকার তালিকার সুপারিশ অনুসারে উপকারভোগী নির্বাচন বিষয়ে সভা বিস্তারিত আলোচনা ও চূড়ান্ত অনুমোদন হওয়া আবশ্যক। সভায় অতঃপর নিম্নবর্ণিত সূচি মোতাবেক আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ইউনিয়ন কমিটি পুনর্গঠন:** সভায় সদস্য-সচিব জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা, অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উপবৃত্তিসহ বিভিন্ন প্রকার ভাতা কর্মসূচি বাস্তবায়নে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সভাপতিত্বে 'প্রাথমিকভাবে প্রার্থী বাছাইয়ের জন্য' ১৮ (আঠারো) সদস্য বিশিষ্ট 'ইউনিয়ন কমিটি' রয়েছে। ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালায় প্রতিটি ইউনিয়নে গঠিত প্রাথমিক বাছাই কমিটিতে সদস্য হিসেবে ক) মাননীয় সংসদ সদস্যের ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন মহিলা প্রতিনিধি; খ) উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১ (এক) জন; গ) উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি ১ (এক) জন; ও উপজেলা সমাজসেবা অফিসের সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে উল্লেখ রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ গঠনের ফলে অত্র উপজেলার ০৯(নয়) টি ইউনিয়নে সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নে 'ইউনিয়ন কমিটি' সমূহ হালনাগাদ করার নিমিত্ত উপজেলা বিগত ১৯/০২/২০২৬ খ্রি. তারিখে সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৬৫ ও ৬৬ মোতাবেক মাননীয় সংসদ সদস্য ২১৪ (ফরিদপুর-৪) মহোদয় এবং প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার | ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালায় প্রতিটি ইউনিয়নে গঠিত প্রাথমিক বাছাই কমিটিতে মাননীয় সংসদ সদস্যের ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন মহিলা প্রতিনিধি এবং উপজেলা নির্বাহী অফিসারের ০১ (এক) জন প্রতিনিধিসহ উপজেলা সমাজসেবা অফিসের ইউনিয়ন সমাজকর্মীর সমন্বয়ে সকল ইউনিয়ন কমিটি হালনাগাদ ও তাঁদের মাধ্যমে প্রাথমিকভাবে প্রার্থী বাছাইয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | মহোদয়কে পত্র প্রেরণ করা হয়। মাননীয় সংসদ সদস্য মহোদয় বিগত ১৩/০৪/২০২৬ খ্রি. তারিখে নীতিমালা অনুযায়ী প্রতিটি ইউনিয়নে (০১) একজন পুরুষ ও (০১) একজন মহিলা প্রতিনিধি মনোনয়ন পূর্বক তাঁর নাম, ঠিকানাসহ তালিকা প্রেরণ করেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার স্মারক: ৩২৯ তারিখ ১৫/০৪/২০২৬ খ্রি. মোতাবেক তাঁর প্রতিনিধি মনোনয়ন দেন। উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ১৫২ তারিখ ১৬/০৪/২০২৬ খ্রি. মোতাবেক উভয় মনোনয়ন সংক্রান্ত পত্রাদি ইউনিয়ন চেয়ারম্যানদের নিকট প্রেরণ পূর্বক সংশ্লিষ্ট সকল সদস্যদের উপস্থিতিতে সভা আহবান ও উপকারভোগী যাচাই-বাছাই পূর্বক স্বাক্ষরিত তালিকা প্রেরণের অনুরোধ জানানো হয়। | | |
| ০২ | <u>অতিরিক্ত উপকারভোগী নির্বাচন:</u> চলতি ২০২৫-২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেস্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা বিতরণের নিমিত্ত পরিচালক সামাজিক নিরাপত্তা অধিশাখা মহোদয়ের ২৬/০২/২০২৬ খ্রি. তারিখের ২২১,২২৩ ও ২২৪ সংখ্যক পত্র মোতাবেক ইউনিয়ন ভিত্তিক অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়। ভাতা বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির বিগত সভার সিদ্ধান্ত, সমাজসেবা অধিদপ্তরের ভাতা বিতরণ নির্দেশনা, অর্থমন্ত্রণালয়ের পরিপত্র এবং ভাতা বিতরণ সংশ্লিষ্ট নীতিমালায় বর্ণিত মানদন্ড অনুসরণপূর্বক ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীদের যাচাই-বাছাই পূর্বক প্রাথমিক অগ্রাধিকার তালিকা প্রণয়নের নিমিত্ত উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৮৪ তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি. মোতাবেক ইউনিয়ন বাছাই কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে পত্রসহ সংশ্লিষ্ট ইউনিয়ন বাছাই কমিটিকে অনলাইনে আবেদনকারী ব্যক্তিদের তালিকা প্রেরণ করা হয়। | ২০২৫-২০২৬ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নীতিমালা অনুসারে যাচাই-বাছাইকৃত প্রাথমিকভাবে সুপারিশকৃত উপকারভোগীদের (ইউনিয়ন সংলাগ-খ তালিকা) অনুকূলে ভাতা প্রদানের নিমিত্ত অদ্যকার সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সফটওয়্যারে উক্ত তালিকা প্রক্রিয়াকরণ শেষে সংলাগ-ঙ তে বর্ণিত ইউনিয়ন ভিত্তিক তালিকা অনুমোদন করা হয়। অনুমোদিত তালিকা অনুসারে ২০২৫-২৬ অর্থবছরে ভাতা প্রদানের নিমিত্ত পে-রোল প্রস্তুত ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর ফরিদপুর। |

| ক্রম | ইউনিয়ন | বয়স্ক ভাতা | | বিধবা ভাতা | | প্রতিবন্ধী ভাতা | |
|---|---|---|---|---|---|---|---|
| | আবেদন/বরাদ্দ | আবেদন | বরাদ্দ | আবেদন | বরাদ্দ | আবেদন | বরাদ্দ |
| ১ | ভাষানচর | ৭৫৯ | ৩০ | ৪৭১ | ৩৩ | ২৩ | ২৩ |
| ২ | চর বিষ্ণুপুর | ৫৩০ | ২০ | ৩৮৪ | ২৭ | ৩৮ | ৩৮ |
| ৩ | চর মানাইর | ৩২৮ | ১৫ | ১৬৬ | ১২ | ২৪ | ২৪ |
| ৪ | চর নাসিরপুর | ২৯৩ | ১২ | ১২৬ | ০৯ | ২৪ | ২৪ |
| ৫ | সদরপুর | ৪৪৯ | ২১ | ৫৪৪ | ৩৯ | ৩৫ | ৩৫ |
| ৬ | কৃষ্ণপুর | ৭০২ | ২৫ | ৬৪২ | ৪৫ | ৪৮ | ৪৮ |
| ৭ | ঢেউখালী | ৬৭৫ | ২৫ | ৫৭১ | ৪১ | ৬৪ | ৬৪ |
| ৮ | দিয়াড়া | ৮১ | ০৫ | ৪২ | ০৩ | ০৭ | ০৭ |
| ৯ | আকোটেরচর | ৪৬৫ | ১৯ | ৩৪৮ | ২৫ | ২৪ | ২৩ |
| | মোট - | ৪২৮২ | ১৭২ | ৩২৯৪ | ২৩৪ | ২৮৭ | ২৮৬ |

২০২৫-২৬ অর্থবছরের উপকারভোগী নির্বাচনে নীতিমালায় উল্লিখিত সকল মানদন্ড অনুসরণ সাপেক্ষে প্রাথমিক তালিকা প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন বাছাই কমিটি (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সভাপতিত্বে) কর্তৃক সভার কার্যবিবরণীসহ স্বাক্ষরিত তালিকা, প্রাথমিক সুপারিশকৃত (সংলাগ-খ, অপেক্ষমাণ সংলাগ-গ) এবং অনুপযুক্ত (সংলাগ-ঘ) পাওয়া যায়; অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্মুক্ত বাছাইয়ে উপজেলা নির্বাহী অফিসার, কৃষি অফিসার, সমাজসেবা অফিসার উপস্থিত থেকে বাছাই কার্যক্রম মনিটরিং করেন। অনলাইনে আবেদনকারী অপেক্ষমাণ ভাতাগ্রহণেচ্ছু তালিকা বিধিমোতাবেক যাচাই-বাছাই পূর্বক ইতোমধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভা আহবানপূর্বক ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ প্রাথমিক বাছাইকৃত তালিকা প্রেরণ করেন উক্ত তালিকা অনুসারে ২০২৫-২৬ অর্থবছরের নতুন উপকারভোগী নির্বাচনে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়।

<table>
<tr>
<td>০৩</td>
<td>

<u>প্রতিস্থাপন সংক্রান্ত:</u> সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, চলতি ২৫-২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেস্টনীর বয়স্ক ও বিধবা ও প্রতিবন্ধী ভাতা বিতরণের নিমিত্ত নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি প্রাথমিকভাবে সুপারিশকৃত তালিকা প্রেরণ করেন এছাড়া অনলাইনে আবেদনকারী অবশিষ্ট ভাতা গ্রহণেচ্ছু আবেদনকারীদের মধ্যে বরাদ্দ সল্পতাজনিত কারণে যাদের চলতি অর্থবছরে ভাতার আওতায় নিয়ে আসা সম্ভব হয়নি এমন ব্যক্তিদের অপেক্ষমান তালিকায় রেখে ইউনিয়ন কমিটি সংলাগ-গ অনুসারে তালিকা প্রেরণ করেন। নীতিমালা অনুসারে নিয়মিত উপকারভোগীদের মধ্যে যেসব উপকারভোগী মৃতজনিত, নিরুদ্দেশ, পুনঃবিবাহে আবদ্ধ বিধবা, অথবা অন্যান্য উপযুক্ত কারণে ভাতাভোগীর তালিকা শূন্য হলে উক্ত তালিকা অপেক্ষমান আবেদনকারীদের মধ্য হতে প্রতিস্থাপনের বিধান রয়েছে।

চলতি ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক ও বিধবা ভাতায় অপেক্ষমান ভাতাগ্রহণেচ্ছু আবেদনকারীর সংখ্যা বর্ণিত হয়েছে।

<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিয়ন</th><th colspan="2">বয়স্ক ভাতা</th><th colspan="2">বিধবা ভাতা</th><th colspan="2">প্রতিবন্ধী ভাতা</th></tr>
<tr><td></td><td>আবেদন/বরাদ্দ</td><td>বরাদ্দ</td><td>অবশি</td><td>বরাদ্দ</td><td>অবশি</td><td>বরাদ্দ</td><td>অবশি</td></tr>
<tr><td>১</td><td>ভাষানচর</td><td>৩০</td><td>৭২৯</td><td>৩৩</td><td>৪৩৮</td><td>২৩</td><td>০</td></tr>
<tr><td>২</td><td>চর বিষ্ণুপুর</td><td>২০</td><td>৫১০</td><td>২৭</td><td>৩৫৭</td><td>৩৮</td><td>০</td></tr>
<tr><td>৩</td><td>চর মানাইর</td><td>১৫</td><td>৩১৩</td><td>১২</td><td>১৫৪</td><td>২৪</td><td>০</td></tr>
<tr><td>৪</td><td>চর নাসিরপুর</td><td>১২</td><td>২৮১</td><td>০৯</td><td>১১৭</td><td>২৪</td><td>০</td></tr>
<tr><td>৫</td><td>সদরপুর</td><td>২১</td><td>৪২৮</td><td>৩৯</td><td>৫০৫</td><td>৩৫</td><td>০</td></tr>
<tr><td>৬</td><td>কৃষ্ণপুর</td><td>২৫</td><td>৬৭৭</td><td>৪৫</td><td>৫৯৭</td><td>৪৮</td><td>০</td></tr>
<tr><td>৭</td><td>ঢেউখালী</td><td>২৫</td><td>৬৫০</td><td>৪১</td><td>৫৩০</td><td>৬৪</td><td>০</td></tr>
<tr><td>৮</td><td>দিয়াড়া</td><td>০৫</td><td>৭৬</td><td>০৩</td><td>৩৯</td><td>০৭</td><td>০</td></tr>
<tr><td>৯</td><td>আকোটেরচর</td><td>১৯</td><td>৪৪৬</td><td>২৫</td><td>৩২৩</td><td>২৩</td><td>১</td></tr>
<tr><td></td><td>মোট -</td><td>১৭২</td><td>৪১১০</td><td>২৩৪</td><td>৩০৬০</td><td>২৮৬</td><td>১</td></tr>
</table>

</td>
<td>০১। ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংশ্লিষ্ট নীতিমালা ও সরকারি অন্যান্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ইউনিয়ন বাছাই কমিটি কর্তৃক ভাতাগ্রহণেচ্ছু/ অনলাইনে আবেদনকারীদের যাচাই-বাছাইপূর্বক ভাতা প্রাপ্তির উপযুক্ত আবেদনকারীদের তালিকা হতে যাদের বরাদ্দ সল্পতাজনিত কারণে ভাতার আওতায় আনা সম্ভব হয়নি তাঁদের তালিকা (ইউনিয়ন হতে আগত অপেক্ষমাণ-গ তালিকা) উপজেলার সংলাগ-চ তে অপেক্ষমান তালিকায় রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়; উপজেলা কমিটি অপেক্ষমান তালিকা সংলাগ-চ অনুমোদন করেন। পরবর্তীতে এ তালিকা হতে অগ্রাধিকার ক্রমানুসারে বিধিমোতাবেক প্রতিস্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>০১। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর<br>ও<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td><u>হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বিশেষ ভাতা:</u><br>অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় হিজড়া জনগোষ্ঠীর কল্যাণ অনুদান (বিশেষভাতা) ভাতা খাতে ০২/০৩/২০২৬ খ্রি. তারিখে ৭৪ সংখ্যক পত্রে হিজড়া (বিশেষ) ভাতার ইউনিয়ন ভিত্তিক অতিরিক্ত ৩ জনের বরাদ্দ পাওয়া যায়। অত্র উপজেলায় অনলাইনে হিজড়া ক্যাটাগরিতে ১ জন ব্যক্তি আবেদন করেন। অনগ্রসর জনগোষ্ঠীর সমন্বিত নীতিমালার ১৪.১.২ অনুসারে বেদে ও অন্যান্য জনগোষ্ঠীর বয়স ৫০ বছর বা তদুর্ধ্ব এবং হিজড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয় উল্লেখ রয়েছে। ফলে অনলাইনে আবেদনকারী ১ জনের অনুকূলে এবং অবশিষ্ট ২ জন হিজড়াকে ডাটা এন্ট্রিপূর্বক ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।</td>
<td>উপজেলায় অনলাইনে হিজড়া ক্যাটাগরিতে ০১ (এক) জন আবেদনকারী এবং অবশিষ্ট ২ জন হিজড়াকে ডাটা এন্ট্রিপূর্বক তাঁদের অনুকূলে (সংলাগ-চ) অনুসারে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>০১। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর ফরিদপুর।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td><u>অনগ্রসর শিক্ষা উপবৃত্তি:</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে অত্র উপজেলায় অনগ্রসর শিক্ষা উপবৃত্তি খাতে ৩৬ জন উপকারভোগী ছিলো। অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন "সমন্বিত নীতিমালা ২০২৫" এর ১৫.২ অনুচ্ছেদে বর্ণিত বিধানমতে অত্র উপজেলায় ৩১ (একত্রিশ) জন উপকারভোগী স্তর পরিবর্তন, নিরুদ্দেশ জনিত এবং পড়ালেখা বন্ধ (স্কুলে গমণ না করা) কারণে ভাতা বা শিক্ষা উপবৃত্তি উপজেলা কমিটির বিগত সভার ৭ নং সিদ্ধান্ত মোতাবেক বন্ধ রাখা এবং তবে চলতি অর্থবছরে নতুন ০৮ টি আবেদন পাওয়া যায় বিধায় উক্ত আটটি আবেদন নিষ্পত্তির লক্ষ্যে সেগুলো বহাল রেখে অবশিষ্ট ২৩ (তেইশ) টি বরাদ্দ সমার্পণ করা হয়। সভায় নতুন আবেদনকারী উপকারভোগীদের তথ্যাদি ইউনিয়ন কমিটির যাচাইয়ের মাধ্যমে নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন "সমন্বিত নীতিমালা ২০২৫" অনুসারে ইউনিয়ন কমিটি অনুমোদিত তালিকা অনুসারে উপজেলা কমিটি কর্তৃক সংলাগ-চ তে অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির তালিকা অনুমোদন করা হয়।</td>
<td>০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **অনগ্রসর সাধারণ ভাতা:** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রমের আওতায় সমাজসেবা অধিদপ্তরের ০২/০৩/২০২৬ খ্রি. তারিখের ৬৭ সংখ্যক পত্রে অত্র উপজেলায় ০২ জনের অনুকূলে বরাদ্দ পাওয়া যায়। অনলাইনে প্রাপ্ত আবেদন পর্যালোচনায় ৪২ জনের আবেদন রয়েছে। নীতিমালা অনুসারে উক্ত তালিকা ইউনিয়নে প্রেরণ করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে বাছাইকৃত তালিকা পাওয়া যায়। সভায় বিস্তারিত আলোচনা হয়। | অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন "সমন্বিত নীতিমালা ২০২৫" অনুসারে ইউনিয়ন কমিটি অনুমোদিত তালিকা অনুসারে উপজেলা কমিটি সংলাগ-চ তে অনগ্রসর জনগোষ্ঠীর সাধারণ ভাতার তালিকা অনুমোদন করা হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর। |
| ০৭ | **২০২৫-২০২৬ অর্থবছরের লাইভ ভ্যারিফিকেশন:** সভায় সদস্য সচিব জানান যে চলতি অর্থবছরে জাতীয় নির্বাচনের কারণে নিয়মিত লাইভ ভ্যারিফিকেশন কিছুটা বিলম্বে শুরু হয় এবং ইতোমধ্যে উন্মুক্ত যাচাই-বাছাইয়ের পাশাপাশি ভাষাণচর, আকোটেরচর, চর বিষ্ণুপুর, চরনাসিরপুর ইত্যাদি ইউনিয়নে লাইভ ভ্যারিফিকেশন সম্পন্ন হয়েছে। চরমানাইর, সদরপুর, কৃষ্ণপুর, ঢেউখালী, নারকেলবাড়িয়া ইউনিয়নে সিডিউল চলমান ছিলো কিন্তু ২০২৫-২৬ অর্থবছরের অতিরিক্ত উপকারভোগী নির্বাচন ও পে-রোল প্রদানের ব্যস্ততায় উক্ত সিডিউল স্থগিত করা হয়েছে। যেহেতু ইতোমধ্যে অনলাইনে আবেদনকারীদের অপেক্ষমাণ তালিকা অনুমোদন হয়েছে, পে-রোল কার্যক্রম সমাপ্তির পরে উক্ত লাইভ-ভ্যারিফিকেশন চলমান রাখা হবে এবং সেখানে প্রাপ্ত মৃত ও নিরুদ্দেশ ব্যক্তি/উপকারভোগীদের নীতিমালা অনুসারে প্রতিস্থাপনের ব্যবস্থা করা হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | লাইভ-ভ্যারিফিকেশন সম্পন্নের পরে ইউনিয়ন কমিটির নিকট হতে প্রাপ্ত তালিকা অনুসারে মৃত ও নিরুদ্দেশ এবং পুনঃবিবাহে আবদ্ধ বিধবাদের প্রযোজ্যক্ষেত্রে প্রতিস্থাপনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর ও<br>০২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৪/২৬

(শরীফ শাওন)
প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর
ও
**সভাপতি**
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা কর্মসূচি বাস্তবায়ন
বিষয়ক উপজেলা কমিটি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ১৬৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৩। প্রশাসক উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৪। চেয়ারম্যান ........................................ইউনিয়ন পরিষদ **(সকল)** সদরপুর, ফরিদপুর।
৫। উপজেলা.................................... কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।
৬। অফিস কপি।

26/04/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও সদস্য-সচিব
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা
কর্মসূচি বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি